দৈনিক ইত্তেফাক

তারিখ · 28 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রীর মির্জাপুরের বিদ্যালয় পরিদর্শন

■ মির্জাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মো. মোস্তাফিজুর রহমান বৃহস্পতিবার মির্জাপুর উপজেলার কয়েকটি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেছেন।

এ সময় তার সঙ্গে প্রাথমিক ও গণশিক্ষা সচিব মো. হুমায়ুন খালিদ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিভাগীয় উপপরিচালক ইন্দু ভোষন মজুমদার, স্থানীয় সংসদ সদস্য ও সড়ক পরিবহন এবং সেতু মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মুক্তিযোদ্ধা মো. একাব্বর হোসেন, টাঙ্গাইল জেলা প্রশাসক মো. মাহবুব হোসেন, মির্জাপুর উপজেলা নির্বাহী অফিসার মো. মাসুম আহমেদ, পৌরসভার মেয়র মো. সাহাদত হোসেন সুমন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মীর শরীফ মাহমুদ, টাঙ্গাইল জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. আতাউর রহমান ও মির্জাপুর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. খালিলুর রহমান উপস্থিত ছিলেন।